গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-১৪৯

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬ ব. / ১৯ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ প্রেরিত Notice for demand of Justice এর প্রেক্ষিতে টিএমইডি'র ২৬.০১.২০২০ তারিখের ৬২ এবং ডিএমই'র ১৩.০২.২০ তারিখের ৩৮ নং স্মারকের কার্যক্রম প্রত্যাহার সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৬.০০.০০০০.০৬৬.০১.২২৬.১৫-৬১১, তারিখ: ২৯/১১/২০১৫ খ্রি.
(২) প্রতিষ্ঠানের সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর এর স্মারক নং- ০৫.৩০.৮৯০০.০০৬.১৮.০৩০.২০১৫-৯৫৭, তারিখ: ২২/১২/২০১৫ খ্রি.
(৩) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮-১৩৫ তারিখ: ২৩/০৫/২০১৯ খ্রি.
(৪) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-৬২, তারিখ: ২৬/০১/২০২০ খ্রি.
(৫) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮-৩৮ তারিখ: ১৩/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাযিল মাদ্রাসা-এর প্রভাষক (ইংরেজি) জনাব মো: রোস্তম আলী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনরত অবস্থায় তার বিরুদ্ধে প্রতারণা, জাল সনদ, জালিয়াতি ও অনিয়মের কারণে তার বেতন-ভাতাদি বন্ধ ও বরখাস্তকরণসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি-কে নির্দেশনা দিয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে গত ২৯/১১/২০১৫ তারিখে সূত্রোক্ত (১) স্মারকমূলে পত্র জারি করা হয়।

০২। উক্ত পত্রের প্রেক্ষিতে বণিত প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক, জনাব মো: ছামিউল হক এর নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য জনাব মো: রোস্তম আলীকে নির্দেশনা দিয়ে প্রতিষ্ঠানের সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক ২২/১২/২০১৫ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারক পত্র জারি করা হয়। ফলে জনাব মো: রোস্তম আলী কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৫ তারিখের সূত্রোক্ত (১) নংপত্রের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলা দায়ের করা হয়।

০৩। মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলায় ২৩/১২/২০১৫ তারিখের শুনানী শেষে শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৫ তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের কার্যক্রম ০৩ (তিন) মাস স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রিট মামলায় গত ২৪/০৭/২০১৭ তারিখে ঘোষিত রায়ের অংশবিশেষ নিম্নরূপ-

"Accordingly, the Rule is discharged. The Registrar, High Court Division, Bangladesh Supreme Court is hereby directed to cause a petition of complaint filed under section 476 read with section 195 of the Code of Criminal Procedure against the petitioner through a Court Keeper of this Court within 7 (seven) days from the date of receipt of a copy of this judgment.

The interim order of stay granted earlier by this Court by this time expired. However, the same is decmed to have been recalled and vacated.

০৪। মহামান্য আদালতের উক্ত রায়ের প্রেক্ষিতে জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে মুখ্য মহানগর আদালতে সি.আর কেস নং-৩৯/২০১৮ দায়ের করা হয় মর্মে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরাবর ডিএমই হতে ২৩/০৫/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩)পত্র হতে স্পষ্ট হয়।

০৫। পরবর্তীতে জনাব মো: রোস্তম আলী কর্তৃক রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলার ২৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ নং-৭৫৮/২০১৮ দায়ের করা হয়। উক্ত সিপিএলএ মামলাটি মঞ্জুরকরত: মাননীয় আপীল আদালত কর্তৃক গত ২৯/৭/২০১৯ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"Further proceeding of C.R Case No. 39 of 2018 pending before the 4th Court of Chief Metropolitan Magistrate-3, Dhaka be stayed till disposal of the appeal.

০৬। রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে পিটিশনার জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে পিটিশনার কর্তৃক দায়েরকৃত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার ২৯/৭/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শুধুমাত্র দায়েরকৃত সি.আর কেস নং-৩৯/২০১৮ এর কার্যক্রম স্থগিত করা হয়েছে। সিপিএলএ মামলার অন্তবর্তীকালীন আদেশে পিটিশনার এর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উপর কোন নিষেধাজ্ঞা না থাকায় উক্ত জালিয়াতির অভিযোগে শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরি তেঘরিয়া ফাযিল মাদ্রাসা'র প্রভাষক (ইংরেজি) জনাব মো: রোস্তম আলী-কে চাকুরী হতে বরখাস্ত করার জন্য টিএমইডি হতে ২৬/০১/২০২০ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকে ডিজি, ডিএমই-কে নির্দেশনা দিয়ে পত্র জারি করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ডিএমই হতে ০৩/০২/২০২০ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকে পত্র জারি করা হয় মর্মে Notice for demand of Justice হতে স্পষ্ট হয়।

০৭। উক্ত স্মারক দুটির বৈধতা চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের প্রভাষক (ইংরেজি) জনাব মো: রোস্তম আলীর পক্ষে মহোদয় কর্তৃক নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সূত্রোক্ত (৪) ও (৫) নং স্মারকে জারীকৃত পত্র দুটি প্রত্যাহারের দাবীতে সচিব, টিএমইডি বরারব Notice for demand of Justice প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা নং-০২

০৮। যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগের রায় এবং আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে প্রভাষক (ইংরেজি) জনাব মো: রোস্তম আলী-কে চাকুরী হতে বরখাস্তকরণের নির্দেশনা দিয়ে সূত্রোক্ত (৪) ও (৫) নং স্মারকের পত্র দুটি জারী করা হয়েছে সেহেতু জারীকৃত পত্র দুটি প্রত্যাহারের সুযোগ নেই। এ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের 111 অনুচ্ছেদের মর্ম মতে মহামান্য আপিল বিভাগ প্রদত্ত রায় হাইকোর্টসহ বাংলাদেশের সকল অধস্তন আদালতের উপর বাধ্যকর (Binding upon) মর্মে নির্দেশনা রয়েছে। অর্থাৎ সংবিধানের ১১১ অনুচ্ছেদের নির্দেশনা প্রাসংগিক এবং অনুসরণীয় বিধান।

০৯। এমতাবস্থায়, টিএমইডি কর্তৃক ২৬/০১/২০২০ তারিখে জারীকৃত সুত্রোক্ত (৪) এবং ডিএমই হতে ১৩/০২/২০২০ তারিখে জারীকৃত সূত্রোক্ত (৫) নং স্মারকের পত্র দুটি প্রত্যাহার করার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে মহোদয়কে অবহিত করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২০/০৭/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

১। জনাব মোহাম্মদ আলী, বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
কক্ষ নং-২১৩ (২য় তলা), সুপ্রীম কোর্ট বার ভবন, শাহবাগ, ঢাকা-১০০০।

২। জনাব মোহাম্মদ আলী, বিজ্ঞ আইনজীবী, ৩৩৩, এ্যালিফ্যান্ট রোড, ৬ষ্ঠ তলা
(ইষ্টার্ণ মল্লিকার সামনে) ঢাকা-১২০৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অধ্যক্ষ, কুমরী তেগরিয়া ফাযিল মাদ্রাসা, উপজেলা- সদর, জেলা- শেরপুর।
৭। জনাব মো: রোস্তম আলী, পিতা- মৃত. মনির উদ্দিন, গ্রাম- গোপালখিলা, পো: শেরপুর টাউন, সদর, জেলা- শেরপুর।
৮। অফিস কপি/মাস্টার কপি।